দৈনিক বাংলা

026

তারিখ 0 6 AUG 1988 ৩ ৬
পৃষ্ঠা ... কলাম ...

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

১৭

# রেলওয়ে স্কুল: অনশনের ৪র্থ দিন অতিবাহিত

রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের জন্য স্থায়ী জায়গা বরাদ্দের দাবীতে স্কুলের ছাত্র শিক্ষক কর্মচারী ও অভিভাবকদের আমরণ অনশনের চতুর্থ দিন শুক্রবার অতিবাহিত হয়।

শুক্রবার অনশনরত একজন শিক্ষকের অবস্থার অবনতি ঘটে বলে স্কুলের এক প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

জাতীয় প্রেস ক্লাবের সামনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে অনশনরতরা তাঁদের দাবী মেনে নেয়ার আহবান জানান। এ সম্পর্কে প্রকাশিত সরকারী প্রেস নোট প্রসঙ্গে বলা হয় যে বিদ্যালয়ের জন্য স্থায়ী জায়গার বন্দোবস্ত ব্যতীত তাঁরা অন্য কোন ব্যবস্থা মেনে নিবেন না।

ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের প্রধান সমন্বয়ক মাওলানা কোরবান আলী এক বিবৃতিতে রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও শিক্ষক কর্মচারীদের দাবী মেনে নেয়ার আহবান জানান।

তিনি অনশনরতদের স্বাস্থ্যের অবনতিতে উদ্বেগ প্রকাশ করেন।